গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
www.dol.chittagongdiv.gov.bd

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.২০৬৩

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: চট্টগ্রাম বিভাগীয় ট্যাংকলরী শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং-২২৩৭ এর নির্বাচন মহামান্য হাইকোট বিভাগের দায়েরকৃত রিট পিটিশন নং-৩৩৯৬/২০২৩ ইং এর ২৭/০৩/২০২৩ইং তারিখের নিষেধাজ্ঞা থাকা অবস্থায় জনাব রবিউল মাওলা গং কর্তৃক অবৈধ ও প্রহসন মূলক নির্বাচনের সাজানো কার্যকরী কমিটির কথিত নেতাদের ইউনিয়নের সকল সাংগঠনিক কার্যক্রম থেকে বিরত রাখা প্রসঙ্গে।**

সূত্র: (০১)মাননীয় ২য় শ্রম আদালত, চট্টগ্রাম আই আর মামলা নং- ০২/২০২৩খ্রি. এর ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখের ১৩নং আদেশ।
(০২) রিট মামলা নং-৩৩৯৬/২০২৩ এর ২৭/০৩/২০২৩খ্রি. তারিখের আদেশ ও রোল নিশিজারী ।
(০৩) শ্রম আপীল ট্রাইব্যুনালের ট্রান্সফার মিস কেস নং-০৪/২০২৩ এর ২২/০৩/২০২৩খ্রি. তারিখের ২নং আদেশ ।
(০৪) মাননীয় ২য় শ্রম আদালত, চট্টগ্রাম আই আর মামলা নং- ০২/২০২৩খ্রি. এর ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখের ১২নং আদেশ।
(০৫) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.৫৫; তারিখ: ১৯/০৩/২০২৩খ্রি.
(০৬) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.১৭৮৩; তারিখ: ১৪/০৩/২০২৩খ্রি.
(০৭)বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০-৪৯; তারিখ: ০৬/০৩/২০২৩খ্রি.
(০৮) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.৪০; তারিখ: ২০/০২/২০২৩খ্রি.
(০৯) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.২২; তারিখ: ১৩/০২/২০২৩খ্রি.
(১০) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.১৭০; তারিখ:২৬/০১/২০২৩খ্রি.
(১১) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.৬০; তারিখ: ০৫/০১/২০২৩খ্রি.
(১২) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.৩; তারিখ: ০২/০১/২০২৩খ্রি.
(১৩) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.১৬৩০; তারিখ: ২১/১২/২০২২খ্রি.
(১৪) বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.১৩২৯; তারিখ: ২১/১২/২০২২খ্রি.
(১৫) জনাব আবদুল মজিদ, কার্যকরী সভাপতি (মেয়াদ উত্তীর্ণ কমিটি) ও অপর ১১ জন স্বাক্ষরিত পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে এই মর্মে লক্ষ্য করা যাচ্ছে যে, চট্টগ্রাম বিভাগীয় ট্যাংকলরী শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং চট্ট-২২৩৭ এর সর্বশেষ নির্বাচনী ফলাফল ১১/০৬/২০১৫ খ্রি. তারিখে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ঘোষণা করা হয় (যার সভাপতি- জনাব রবিউল মাওলা এবং সাধারণ সম্পাদক জনাব জসিম উদ্দিন রানা)।উক্ত কমিটির তিন বছরের মেয়াদ ১০/০৬/২০১৮খ্রি. তারিখ উত্তীর্ণ হয় । জনাব রবিউল মাওলা গোপন ব্যালটে ও অংশগ্রহণমূলক নির্বাচনে ইচ্ছুক ছিলেন না । বরং তিনি সূত্রোক্ত সবগুলো পত্র ও মামলার রায়কে পাশ কাটিয়ে, অমান্য করে, মিথ্যার আশ্রয় নিয়ে মামলা করে এবং প্রতারণামূলক ও হঠকারিতাপূর্ণ আচরণের মাধ্যমে অন্যায় ও বে- আইনীভাবে তথাকথিত একটি নির্বাচন সাব- কমিটির মাধ্যমে ২৭/০৩/২০২৩খ্রি. তারিখ একটি নির্বাচনী ফলাফল ঘোষণা করান এবং এর একটি কপি অত্র দপ্তরে দাখিল করান । উক্ত নির্বাচনী ফলাফল গ্রহণ করার বা অনুমোদন করার বা কমিটির সত্যায়িত তালিকা সরবরাহ করার আইনগত কোন ভিত্তি নেই এবং প্রকৃতপক্ষে ঔ নির্বাচনী কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, শ্রম বিধিমালা ও মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ৭৩৭২/২০১১ এবং ৪৩১৬/২০১৪ এর উপর

মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত ০৮/০৭/২০১৪ খ্রি. তারিখের ৬টি সুস্পষ্ট নির্দেশনা এবং গঠনতন্ত্র অমান্য করা হয়েছে এবং এ দপ্তর থেকে জারীকৃত ১০টি পত্রের(ক্রমিক নং ৫ থেকে ১৪ পর্যন্ত) পরামর্শ গ্রহণ করা হয়নি বা আমলেই নেওয়া হয়নি এবং তথাকথিত নির্বাচন কমিশনের মাধ্যমে অবৈধ ও বে- আইনী কার্যক্রম থেকে বিরত থাকার একাধিক নির্দেশনা/ পরামর্শ অমান্য করে একতরফাভাবে কাগুজে নির্বাচন সম্পন্ন দেখানো হয়েছে। অধিকন্তু মহামান্য আদালতের নির্দেশনাও রয়েছে যার একটিও জনাব রবিউল মাওলা এবং তার আজ্ঞাবাহক নির্বাচন কমিশনার আমলে নেয়নি এবং আদালতের আদেশের ফাঁকে ফাঁকে নির্বাচনের ভূয়া কার্যক্রম দেখিয়ে দাখিলকৃত ২৭/০৩/২০২৩খ্রি. তারিখের ঘোষিত নির্বাচনী ফলাফলকে অনুমোদন বা গ্রহণ করার আইনগত কোন সুযোগ নেই।

সূত্রোক্ত ১৪নং পত্রের মাধ্যমে ১০/০৬/২০১৮ খ্রি. তারিখ মেয়াদ উত্তীর্ণ কমিটিকে নির্ভূল ভোটার তালিকা দিয়ে গোপন ব্যালটে নির্বাচন করার নিমিত্ত ফরম-৫৫(ক), ফরম-৫৫(ঘ), ফরম-৫৭(ক) হালনাগাদ করে নির্বাচন সম্পন্ন করার নির্দেশ দেওয়া সত্ত্বেও কোন ধরনের নির্বাচনী কার্যক্রম গ্রহণে আগ্রহী না হওয়াতে সাধারণ সদস্যদের আবেদনের প্রেক্ষিতে যৌথ মতবিনিময় সভার সিদ্ধান্তের ঐক্যমতের ভিত্তিতে নির্বাচনী সাধারণ সভা আহবান করার পর মেয়াদ উত্তীর্ণ সভাপতি একদিকে মিথ্যার আশ্রয় নিয়ে মাননীয় ২য় শ্রম আদালত, চট্টগ্রাম আই আর মামলা নং- ০২/২০২৩ দায়ের করে মাননীয় আদালতের মাধ্যমে গত ০৭/০১/২০২৩খ্রি. তারিখের সাধারণ সভাকে নিষেধাজ্ঞা জারী করান এবং অপর দিকে ১৪নং পত্রের নির্দেশনা মোতাবেক ফরম-৫৫(ক), ফরম-৫৫(ঘ), ফরম-৫৭(ক) হালনাগাদ না করেই এবং রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স দপ্তরকে সম্পৃক্ত না করে তাঁর নির্দেশনা ও পরামর্শ আমলে না নিয়ে এবং সম্পূর্ণ মনগড়া ও একতরফাভাবে মূলত মেয়াদ উত্তীর্ণ কমিটির সভাপতি জনাব রবিউল মাওলার অবৈধ নের্তৃত্বে তথাকথিত নির্বাচন পরিচালনা কমিটি গঠন থেকে শুরু করে পরবর্তীতে একাধিকবার সিদ্ধান্ত পরিবর্তন করে নিজেদের সুবিধামতো সময়ে গোপনে একটা নির্বাচনী প্রক্রিয়া শেষ করান। অত্র দপ্তর থেকে সূত্রোক্ত পত্রের মাধ্যমে মেয়াদ উত্তীর্ণ বিশেষ করে দাবীদার সভাপতি জনাব রবিউল মাওলা এবং তথাকথিত নির্বাচন পরিচালনার কমিটির চেয়ারম্যানসহ সদস্যগণকে বহুবার অবৈধ নির্বাচনী কার্যক্রম থেকে বিরত থাকার জন্য বলা সত্ত্বেও বিষয়টি আমলেনেয়নি এবং অসহযোগীতামূলক কার্যক্রম পরিচালনা করেন, যেমন: অত্র দপ্তরের কোন চিঠিই হাতে হাতে গ্রহণ না করা, ইউনিয়ন অফিস বন্ধ রাখা, মোবাইলে চিঠি গ্রহণে অনুরোধ করা হলে পত্র গ্রহণে অস্বীকৃতি জানানো, মহামান্য আদালতের আদেশকে অবজ্ঞা করা, যখন-তখন তফসীল পরিবর্তন দেখিয়ে নির্বাচনী কার্যক্রম চালনা করা ইত্যাদি।

উল্লেখ্য যে, সূত্রীয় ১৫নং পত্রের মাধ্যমে জানা যায় যে, জনাব রবিউল মাওলা গং কর্তৃক সাজানো অবৈধ কমিটির মাধ্যমে সদস্য ভর্তি ও সদস্যদের নিকট মাসিক চাঁদা আদায় এবং বে- আইনীভাবে সদস্য কার্ড নেওয়ার জন্য শ্রমিকদের উপর নানাবিধ চাপ প্রয়োগ করতেছে- যা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৯৬(২) অবমাননার সামিল। মেয়াদ উত্তীর্ণ কমিটি বা বে- আইনী কমিটি শ্রমিক সদস্যদের কার্ড প্রদান করা, মাসিক চাঁদা আদায়, সদস্য ভর্তি করার আইনগত অধিকার এবং ইউনিয়নের কার্যক্রম পরিচালনা করার কোন এখতিয়ার বা বৈধতা নেই।

উপরোক্ত বিবরণে বর্ণিত বিভিন্ন বে- আইনী কার্যক্রম পরিচালনা, অত্র দপ্তরের বিভিন্ন চিঠিপত্রের নির্দেশনা ও পরামর্শ আমলে না নেওয়া, শ্রম আইন বিধি, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অমান্য করা, তথাকথিত নির্বাচনী ফলাফল দাখিল করা যা অনুমোদন করার সুযোগ নেই ইত্যাদির প্রেক্ষিতে নির্বাচনের ভূয়া কার্যক্রম দেখিয়ে দাখিলকৃত ২৭/০৩/২০২৩খ্রি. তারিখের সাজানো ঘোষিত নির্বাচনী কমিটির সাথে কোন ধরনের আইনগত কার্যক্রম, সমঝোতা, চুক্তিপত্র, বৈঠক ও শ্রমিক সদস্যভর্তির বিষয়ে ঐক্যমত না করার জন্য এবং কাগুজে কলমে বানানো কমিটিকে শ্রমিকদের মাসিক চাঁদা আদায় ও সদস্যকার্ড প্রদান হতে এবং ইউনিয়নের কার্যক্রম থেকে বিরত থাকার জন্য বলা হলো এবং এ বিষয়ে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১১-০৫-২০২৩
মোঃ খোরশেদুল হক ভূঞা
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স
০২৩৩৩৩২৩২৫৮
directorctg1@gmail.com

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি ও সাধারণ সম্পাদক (মেয়াদ উত্তীর্ণ কমিটি), চট্টগ্রাম বিভাগীয় ট্যাংকলরী শ্রমিক ইউনিয়ন, রেজি: নং- চট্ট-২২৩৭, ১২০২, ডিটি রোড, আসকারাবাদ, চট্টগ্রাম;

২। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বিভাগীয় ট্যাংকলরী মালিক সমিতি, রেজি: নং- চট্ট -১৮০০, এসএইচ ভবন(৩য় তলা), ১২৫৩/১৮০৮, দেওয়ানহাট, চট্টগ্রাম এবং

৩। জনাব রবিউল মাওলা, সদস্য, চট্টগ্রাম বিভাগীয় ট্যাংকলরী শ্রমিক ইউনিয়ন, রেজি: নং- চট্ট-২২৩৭, ১২০২, ডিটি রোড, আসকারাবাদ, চট্টগ্রাম।

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.১০২.৩৪.০৩৭.২০.২০৬৩/1 (১৯)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম;
৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম;
৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড;
৬। ম্যানেজিং ডাইরেক্টর, ম্যানেজিং ডাইরেক্টরের দপ্তর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড;
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড;
৮। অফিসার ইনচার্জ, পাহাড়তলী, বন্দর, ইপিজেড, ডবলমুরিং, হালিশহর থানা, চট্টগ্রাম;
৯। জনাব মোঃ রেজোয়ানুল করিম, অফিস সহকারী, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম (দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ;
১০। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্যাংকলরী শ্রমিক ফেডারেশন, রেজিঃ নং-বি-২১০০, ৩২৫, দক্ষিণ যাত্রাবাড়ী (১ম তলা), ঢাকা-১২০৪।;
১১। জনাব এম জসিম উদ্দিন (রানা), সাধারণ সম্পাদক( মেয়াদ উত্তীর্ণ কমিটি)মোবাইল নং-০১৭৯৯৫৮৯৭৭৫;
১২। জনাব মোঃ আবদুল মজিদ, কার্যকরী সভাপতি (মেয়াদ উত্তীর্ণ কমিটি), মোবাইল নং: ০১৭৭১১৩৯৫১৯;
১৩। জনাব মোঃনুর নবী, সহ-সাধারণ সম্পাদক (মেয়াদ উত্তীর্ণ কমিটি), মোবাইল নং: ০১৭১১২৩৬৬৬৯;
১৪। জনাব সুনীল দেবনাথ, সদস্য, মোবাইল নং: ০১৮১৯৫২১৮০৩;
১৫। জনাব অলি আহাম্মদ, সদস্য, মোবাইল নং: ০১৮১১১৬৭৭৬০;
১৬। জনাব মাহবুবুল আলম, সদস্য, মোবাইল নং: ০১৮১২৩৭৯৬৩৬;
১৭। জনাব মোঃ কামাল উদ্দিন, সদস্য, মোবাইল নং: ০১৮১৫১১৫৬১৬;
১৮। জনাব মোঃ আইয়ুবুল্লাহ ভূইয়া (আজাদ), ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক(দাবীদার), মেয়াদোত্তীর্ণ কমিটি,[ ক্রমিক ১১ থেকে ১৮ নং পর্যন্ত সকলের ঠিকানা: চট্টগ্রাম বিভাগীয় ট্যাংকলরী শ্রমিক ইউনিয়ন, রেজি: নং- চট্ট-২২৩৭, ১২০২, ডিটি রোড, আসকারাবাদ, চট্টগ্রাম। ] এবং
১৯। অফিস কপি।

১১-০৫-২০২৩
মোঃ খোরশেদুল হক ভূঞা
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স